

বাংলাদেশ ব্যাংকের সদরঘাট শাখা জবি ক্যাম্পাস সমস্যার প্রধান কারণ

সরকারের দ্রুত পদক্ষেপ কামনা
বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার : বাংলাদেশ ব্যাংক সদরঘাট শাখা জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস সমস্যার প্রধান কারণ বলে অভিযোগ জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্তৃপক্ষ ও শিক্ষার্থীরা। বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ে ৪টি অনুষদে ২৪টি বিষয়ে অনার্স ও মাস্টার্স শ্রেণীতে ৩০ হাজার শিক্ষার্থী পড়াশুনা করছে। শিক্ষার্থীর তুলনায় ১.১১ একর বয়স্ক জায়গার বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম চললেও ক্যাম্পাসের এক-পঞ্চমাংশ জায়গা দখল করে রেখেছে বাংলাদেশ ব্যাংক সদরঘাট শাখা। ব্যাংকটির টাঙ্ক পোড়ানো স্ট্র খোঁয়া, টাঙ্ক কাটা মেশিনের বিকট শব্দে হার্ট অ্যাটাক, হাঁপানি রোগ, স্বাস্থ্য-প্রদ্বাসের কষ্ট এবং ক্যাম্পাসের সৌন্দর্যবর্ধনে প্রতিনিয়ত নানান সমস্যার সঙ্ঘবীন হতে হয় শিক্ষক, শিক্ষার্থী ও প্রশাসনকে। বিভিন্ন সময়

ক্যাম্পাসে সাধারণ শিক্ষার্থীদের হল, পরিবহন, শিক্ষক, লাইব্রেরী ও ক্যাফেটেরিয়াসহ ১০ দফা দাবী আদায়ের জন্য ক্লাসবর্জন, মিছিল, সমাবেশ ও আন্দোলনের মধ্যে বাংলাদেশ ব্যাংক সদরঘাট শাখা 'স্থানান্তর' ছিল উল্লেখযোগ্য একটি। ইতোমধ্যে বিশ্ববিদ্যালয়ের দুই সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধি দল গত ১০ এপ্রিল বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর মোর্শেদ কুলি খানের সঙ্গে সাক্ষাৎ করেছে। সেখানে সৌহার্দ্যপূর্ণ আলোচনাসহ সরকার বিষয়টি নিয়ে ব্যাপক আন্তরিক বলে জানিয়েছেন প্রতিনিধি দলের অন্যতম সদস্য বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. আবু হোসেন সিদ্দিক। তিনি প্রফেসর ড. সিরাজুল ইসলাম খান সরকারের দ্রুত পদক্ষেপ কামনায় বিশেষ আশাবাদী বলে ক্যাম্পাস সাংবাদিকদের জানান।